গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.dbla.gov.bd

নং-১০.০৭.০০০০.০০০.০০১.১৮.০০০১.২৬-৬৫৬

তারিখঃ ০৫ ভাদ্র ১৪৩৩ / ২০ আগস্ট ২০২৬

**বিষয়ঃ চৌকি আদালতে লিগ্যাল এইড মেডিয়েশন কর্নার স্থাপন ও স্পেশাল মেডিয়েটর কর্তৃক মধ্যস্থতা কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আইনগত সহয়তা অধিদপ্তর কর্তৃক চৌকি আদালতসমূহে মধ্যস্থতা কার্যক্রমকে অধিকতর সম্প্রসারণ, সুশৃঙ্খল ও কার্যকর করার লক্ষ্যে আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০-এর অধীন স্পেশাল মেডিয়েটর নিযুক্ত করা হয়েছে।

২। উক্ত চৌকি আদালতসমূহে মধ্যস্থতা কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রদান করা হলো-

**ক. লিগ্যাল এইড মেডিয়েশন কর্নার স্থাপন ও কর্মচারী নিযুক্তি;**
সংশ্লিষ্ট চৌকি আদালতে মধ্যস্থতার আবেদন গ্রহণের জন্য বিশেষ কমিটির চেয়ারম্যান কর্তৃক সংশ্লিষ্ট চৌকি আদালত প্রাঙ্গণে উপযুক্ত ও দৃশ্যমান স্থানে একটি লিগ্যাল এইড মেডিয়েশন কর্নার স্থাপন করতে হবে। উক্ত মেডিয়েশন কর্নারের কার্যক্রম পরিচালনা ও আবেদন গ্রহণের জন্য বিশেষ কমিটির চেয়ারম্যান সংশ্লিষ্ট আদালতের একজন উপযুক্ত কর্মচারী নিযুক্ত করবেন। এক্ষেত্রে জেলা লিগ্যাল এইড অফিস প্রয়োজনীয় লজিস্টিক সহায়তা প্রদান করবে।

**খ. মধ্যস্থতার আবেদন গ্রহণ;**
সংশ্লিষ্ট কর্মচারী মধ্যস্থতার জন্য প্রাপ্ত আবেদন সরাসরি অথবা অনলাইন মাধ্যমে গ্রহণ করবেন। আবেদন গ্রহণের পর প্রাপ্ত তথ্য নির্ধারিত পদ্ধতিতে রেজিস্টারে লিপিবদ্ধ করবেন, অথবা প্রযোজ্য ক্ষেত্রে অনলাইনে নিবন্ধন করবেন। সরাসরি গৃহীত আবেদনসমূহ চৌকি আদালতের বিশেষ কমিটির মাধ্যমে লিগ্যাল এইড অফিসে প্রেরণ করবেন।

**গ. আবেদন প্রাপ্তির প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ;**
চৌকি আদালত কর্তৃক প্রেরিত আবেদন গ্রহণের পর আইন ও বিধি নির্ধারিত পদ্ধতিতে সংশ্লিষ্ট চীফ লিগ্যাল এইড অফিসার নিজে, অথবা প্রযোজ্য ক্ষেত্রে লিগ্যাল এইড অফিসার, অথবা চৌকি আদালতে নিযুক্ত স্পেশাল মেডিয়েটরকে উক্ত আবেদন মধ্যস্থতার জন্য প্রেরণ করবেন।

**ঘ. মধ্যস্থতা কার্যক্রম পরিচালনায় স্পেশাল মেডিয়েটরের দায়িত্ব;**
চৌকি আদালতে দায়িত্বপ্রাপ্ত স্পেশাল মেডিয়েটর প্রযোজ্য আইন, বিধি-বিধান এবং নির্ধারিত মধ্যস্থতা প্রটোকল অনুসরণপূর্বক মধ্যস্থতা কার্যক্রম পরিচালনা করবেন। মধ্যস্থতা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে স্পেশাল মেডিয়েটর নিরপেক্ষ থাকবেন এবং মধ্যস্থতা কার্যক্রমের গোপনীয়তা নিশ্চিত করবেন।

মধ্যস্থতা কার্যক্রমে স্বার্থের সংঘাত (Conflict of Interest) থাকিলে স্পেশাল মেডিয়েটর উক্ত মধ্যস্থতা কার্যক্রম পরিচালনা করবেন না, এবং আইন ও মানবাধিকারের পরিপন্থী কোনো আপসের প্রস্তাব বা সিদ্ধান্ত গ্রহণ করবেন না।

**ঙ. স্পেশাল মেডিয়েটর কর্তৃক সরাসরি আবেদন গ্রহণ না করা;**

চৌকি আদালতে নিযুক্ত স্পেশাল মেডিয়েটর সরাসরি বা স্বতঃপ্রণোদিত হয়ে কোনো মধ্যস্থতার আবেদন গ্রহণ করতে পারবেন না। তিনি শুধুমাত্র লিগ্যাল এইড অফিস কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রেরিত মধ্যস্থতার আবেদন গ্রহণ করতে পারবেন।

**চ. বিশেষ কমিটির চেয়ারম্যান কর্তৃক তদারকি;**

চৌকি আদালতের বিশেষ কমিটির চেয়ারম্যান সংশ্লিষ্ট স্পেশাল মেডিয়েটর কর্তৃক পরিচালিত মধ্যস্থতা কার্যক্রমের প্রটোকলসমূহ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা উহা তদারকি করবেন।

**ছ. নিরপেক্ষতা, গোপনীয়তা, স্বার্থের দ্বন্দ্ব ও অভিযোগ সংক্রান্ত বিষয়;**

চৌকি আদালতে নিযুক্ত স্পেশাল মেডিয়েটর কর্তৃক পরিচালিত মধ্যস্থতা কার্যক্রমের নিরপেক্ষতা, গোপনীয়তা লঙ্ঘন, স্বার্থের দ্বন্দ্ব অথবা মধ্যস্থতা কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট কোনো গুরুতর অভিযোগ উত্থাপিত হলে, বিশেষ কমিটির চেয়ারম্যান বিষয়টি প্রাথমিকভাবে যাচাই-বাছাই করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি সংশ্লিষ্ট লিগ্যাল এইড অফিসে প্রেরণ করবেন।

৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট চৌকি আদালতসমূহে নিযুক্ত স্পেশাল মেডিয়েটরগণকে মামলাপূর্ব মধ্যস্থতা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২০.০৪.২০২৬

**(মোঃ মঞ্জুরুল হোসেন)**
মহাপরিচালক (সিনিয়র জেলা জজ)
ফোন নং: ০২-৪১০৩২২৯১
ই-মেইল : dg@dbla.gov.bd

**কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। চীফ লিগ্যাল এইড অফিসার...................................
২। জেলা লিগ্যাল অফিসার.......................................
৩। চেয়ারম্যান চৌকি আদালতের বিশেষ কমিটি............... (সকল)

নং-১০.০৭.০০০০.০০০.০০১.১৮.০০০১.২৬-৩৫৩(৬)

তারিখঃ ০৫ ভাদ্র ১৪৩৩ / ২০ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৪। সহাকারী পরিচালক (মনিটরিং/ অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৫। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৬। সংশ্লিষ্ট প্রশাসনিক ফাইল, গার্ড ফাইল।

20.8.26

**(রিফাত আরা সুলতানা)**
সহকারী পরিচালক (প্রশাসন)
(সিনিয়র সিভিল জজ)
ফোন নং: ০২-৪১০৩২২৯৪
ই-মেইল : adadmin@dbla.gov.bd